গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

রেলওয়ে জেনারেল হাসপাতাল, ঢাকা এর সার্বিক ব্যবস্থাপনা ও স্বাস্থ্য সেবার মানোন্নয়ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ সিরাজুল ইসলাম, সচিব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভার স্থান	: সম্মেলন কক্ষ, ভবন নং-০৩, কক্ষ নং-৩৩২, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	: ১৭/১১/২০১৬ খ্রিঃ।
সভার সময়	: সকাল ১০.৩০ ঘটিকা।
উপস্থিতি তালিকা	: পরিশিষ্ট 'ক'

১.০. আলোচনাঃ

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ঢাকা মহানগরীর পূর্বাঞ্চলে অবস্থিত রেলওয়ে জেনারেল হাসপাতাল ভৌগলিক অবস্থানগত কারণে স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান। তিনি এ হাসপাতালের শয্যা সংখ্যা ব্যবহারের হার মাত্র ১% হওয়ায় চরম অসন্তোষ প্রকাশ করেন। তিনি হাসপাতালের মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদান এবং কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে করণীয় বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

১.২. সভায় উপস্থিত সচিব, রেলপথ মন্ত্রণালয় বলেন, রেলপথ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যৌথ ব্যবস্থাপনায় পরিচালিত এ হাসপাতালের সার্বিক সেবার মান সন্তোষজনক নয়। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী রেলওয়ে কর্মকর্তা/কর্মচারির পাশাপাশি সাধারণ জনগনের চিকিৎসা সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ এ জেনারেল হাসপাতালটি জনগনের চাহিদা পূরণে সম্পূর্ণভাবে ব্যর্থ হচ্ছে। সমঝোতা স্মারক অনুযায়ী হাসপাতালটি পরিচালনা এবং সেবার মানোন্নয়নে উল্লেখযোগ্য কোন ভূমিকা রাখতে পারেনি। হাসপাতালের ব্যবস্থাপনায় নিয়োজিত তত্ত্বাবধায়ক ও ডিভিশনাল মেডিকেল অফিসার (ডিএমও) কে তিনি এ বিষয়ে যথাযথ ব্যাখ্যা প্রদানের অনুরোধ করেন।

১.৩. সভায় উপস্থিত রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বলেন, বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রতিষ্ঠিত এ হাসপাতালে অতীতে কেবলমাত্র রেলওয়ে কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদান করা হতো। বর্তমানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয়ের কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে এ হাসপাতালটিকে একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতালে রূপান্তর করার লক্ষ্যে প্রয়োজনীয় সকল ধরনের সহযোগিতা ও সহায়তা প্রদান করা হচ্ছে। তিনি হাসপাতালে রিনোভেশন (Renovation) খাতে ২০১৬-১৭ অর্থবছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে মর্মে উল্লেখ করে এ বিষয়ে প্রয়োজনীয় তদারকি নিশ্চিত করার জন্য তত্ত্বাবধায়ক ও ডিএমও এর দৃষ্টি আকর্ষন করেন।

১.৪. অতিরিক্ত সচিব (হাসপাতাল) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন, হাসপাতালটির যৌথ ব্যবস্থাপনায় মতপ্রার্থক্য ও কর্তৃত্বের দ্বন্দ্বে সার্বিক সেবার মানোন্নয়ন আশানুরূপ হয়নি। তিনি সভায় উপস্থিত রেলওয়ে জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ও ডিএমও এর প্রতি স্ব স্ব অবস্থান থেকে দায়িত্বশীল আচরণের অনুরোধ করেন। তিনি সমঝোতা স্মারকের আলোকে এ হাসপাতালের অনুকূলে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদানের আশ্বাস দেন। এছাড়াও তিনি বিগত ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থবছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক এমএসআর হিসেবে ৪৮৬৮ কোডে এ পর্যন্ত প্রদত্ত (১০.০০+৫.০০)=১৫.০০ লক্ষ টাকার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করণের অনুরোধ করেন। তিনি হাসপাতালের নিজস্ব পরিচালন কোড সৃষ্টির যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য ব্যবস্থাপকের দৃষ্টি আকর্ষণ করেন।

১.৫. সভায় এ পর্যায়ে যুগ্মসচিব (হাসপাতাল) বলেন, গত ৩০.০৪.২০১৫ তারিখে উভয় মন্ত্রণালয় কর্তৃক যৌথভাবে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের শর্ত অনুযায়ী ইতোমধ্যে "বাংলাদেশ রেলওয়ে হাসপাতাল, ঢাকা" এর নাম পরিবর্তন করে "রেলওয়ে জেনারেল হাসপাতাল, ঢাকা" হিসেবে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। উক্ত হাসপাতালের সার্বিক স্বাস্থ্য সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উভয় মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। ব্যবস্থাপনা কমিটির ১ম সভা গত ২৭/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এটি ব্যবস্থাপনা কমিটির ২য় সভা। তিনি ঢাকা মহানগরীর অত্যন্ত জনবহুল স্থানে অবস্থিত এ হাসপাতালে যে

কোন ধরণের বিশেষায়িত সেবা কার্যক্রম চালু করার জন্য উপযুক্ত অবকাঠামোগত সুবিধা রয়েছে মর্মে উল্লেখ করেন। তিনি আরো বলেন, হাসপাতাল ব্যবস্থাপনা সমন্বয়ের সুবিধার্থে সার্বিক ব্যবস্থাপনা, আয়ন-ব্যয়ন, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনা, নিয়ন্ত্রণ, প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক ও কর্মচারী সংযুক্তিতে পদায়ন, নিজস্ব পরিচালন কোড সৃজন, স্বাস্থ্য অধিদপ্তর বরাবর নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। তিনি তত্ত্বাবধায়ক কর্তৃক সরবরাহকৃত এ হাসপাতালে বিদ্যমান মেডিকেল যন্ত্রপাতি (সচল/অচল), আসবাবপত্র (ব্যবহারযোগ্য/ব্যবহারঅযোগ্য) এর তালিকা গত অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা ক্রয়কৃত এমএসআর সামগ্রীর তথ্যাদি এবং বেড অকুপেন্সির হার সংক্রান্ত তথ্যাদি সভায় বিস্তারিত ভাবে তুলে ধরেন।

১.৬. অত:পর সভায় ২৭/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী যুগ্মপ্রধান (পরিকল্পনা), কর্তৃক ৩০ কার্যদিবসের মধ্যে হাসপাতালের সার্বিক উন্নয়ন কার্যক্রম গ্রহণের বিষয়ে খসড়া ডিপিপি উপস্থাপনের অগ্রগতি জানতে চাওয়া হয়। যুগ্মপ্রধান (পরিকল্পনা) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন, হাসপাতালের সার্বিক উন্নয়ন কার্যক্রম গ্রহণের বিষয়ে ডিপিপি তৈরীর জন্য স্বাস্থ্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি এ পর্যায়ে ডিপিপিটি মেডিকেল কলেজ হাসপাতাল নির্মান অথবা বর্তমান হাসপাতালের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে প্রণয়ন করা হবে সে বিষয়ে সভায় দৃষ্টি আকর্ষণ করেন এবং অধিদপ্তর হতে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভাকে আশ্বস্ত করেন।

১.৭. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর জানান, ইতোমধ্যে রেলওয়ে জেনারেল হাসপাতালে ৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট (গাইনী), ১ (এক) জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) এবং ১ (এক) জন জুনিয়র কনসালটেন্ট (শিশু)-কে সংযুক্তিতে পদায়ন করা হয়েছে। কিন্তু এ হাসপাতাল পরিচালনায় প্রশাসনিক বিশৃংখলা বিরাজ করায় ও সঠিক দিকনির্দেশনা না থাকায় প্রয়োজনীয় সেবা প্রদান ব্যহত হচ্ছে। তিনি এ হাসপাতালে প্রয়োজনানুপাতে পর্যায়ক্রমে আরও চিকিৎসক প্রদানের আশ্বাস দেন।

১.৮. পরিচালক (হাসপাতাল) স্বাস্থ্য অধিদপ্তর বলেন, চিকিৎসা সেবা প্রদানের জন্য অন্যান্য স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের মাধ্যমে অর্থাৎ মুগদা জেনারেল হাসপাতাল অথবা অন্যান্য হাসপাতালের রোগীদের রেফার করে এ হাসপাতালে সাধারন রোগী সেবার সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। তিনি চাহিদা অনুযায়ী এ হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসকসহ এমএসআর সামগ্রী প্রদানের আশ্বাস দেন।

১.৯. পরিচালক (রেলওয়ে), রেলওয়ে জেনারেল হাসপাতাল বলেন, MOU এর আলোকে হাসপাতালের চিকিৎসা সেবা সংক্রান্ত বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রদান করা হবে।

১.১০. তত্ত্বাবধায়ক, রেলওয়ে জেনারেল হাসপাতাল বলেন, হাসপাতালে সেবার মানোন্নয়নে প্রাথমিকভাবে কিছু অবকাঠামো মেরামতে বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও গত অর্থবছরে এমএসআর খাত হতে ঢাকা সিভিল সার্জন অফিস ঢাকার মাধ্যমে হতে কিছু ঔষধপত্র সরবরাহ পাওয়া গেছে। তবে এ হাসপাতালে প্যাথলজিষ্ট না থাকায় এবং ১৯ ও ২০তম গ্রেডের কর্মচারিদের উপর নির্ধারিত অংকের ডায়েট চার্জ আরোপ করায় হাসপাতালের রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে না। তিনি জরুরী ভিত্তিতে এ হাসপাতালে প্যাথলজিষ্ট পদায়নের অনুরোধ করেন এবং নিম্নবেতনভুক্ত কর্মচারিদের অনুকুলে আরোপিত ডায়েট চার্জ মওকুফের বিষয়টি বিবেচনার অনুরোধ করেন। তিনি এ হাসপাতাল ব্যবস্থাপনায় দ্বৈত শাসন বিদ্যমান থাকায় প্রশাসনিক বিশৃংখলা সহ অন্যান্য কার্যক্রম গ্রহণ ব্যহত হচ্ছে মর্মে উল্লেখ করে এ বিষয়ে মন্ত্রণালয়ের সুস্পষ্ট দিক নির্দেশনা কামনা করেন।

১.১১. ডিভিশনাল মেডিকেল অফিসার, বাংলাদেশ রেলওয়ে বলেন, হাসপাতালের স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার জনয ইতোমধ্যে কিছু যন্ত্রপাতি ও আসবারপত্রের চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। এ সকল যন্ত্রপাতি ও আসবাবপত্র বরাদ্দ পাওয়া গেলে বর্হিবিভাগে রোগীর সংখ্যা এবং সেবা প্রদানের মান বৃদ্ধি পাবে। তিনিও হাসপাতালের দ্বৈতশাসন ব্যবস্থাপনা নিরসনে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

২.০. বিস্তারিত আলোচনান্তে সভার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

২.১. সমঝোতা স্মারক ৬.১ অনুচ্ছেদ অনুযায়ী তত্ত্বাবধায়ক, রেলওয়ে জেনারেল হাসপাতাল, উক্ত হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা, আয়ন-ব্যয়ন ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করবেন;

২.২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক তত্ত্বাবধায়ক রেলওয়ে জেনারেল হাসপাতালের চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক মেডিসিন ও সার্জারি বিভাগের চিকিৎসক এবং ল্যাব টেকনিশিয়ান সংযুক্তিতে পদায়নের ব্যবস্থা গ্রহন করবেন;

২.৩. তত্ত্বাবধায়ক, রেলওয়ে জেনারেল হাসপাতাল, রেলওয়ে জেনারেল হাসপাতালের নিজস্ব পরিচালন কোড সৃজনের জন্য অর্থ বিভাগ কর্তৃক চাহিত তথ্যাদি জরুরী ভিত্তিতে উক্ত বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন;

২.৪. নিজস্ব পরিচালন কোড সৃজন না হওয়া পর্যন্ত চলতি অর্থবছরে জরুরী অবকাঠামোগত মেরামত কাজ সম্পাদনে রেলপথ মন্ত্রণালয় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ও কারিগরি সহায়তা প্রদান করবেন;

২.৫. রেলওয়ে জেনারেল হাসপাতালের অনুকূলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২০১৬-১৭ বরাদ্দকৃত এমএসআর সামগ্রী খাত হতে সিভিল সার্জন ঢাকা কর্তৃক প্রয়োজনীয় ঔষধপত্র ও এমএসআর সামগ্রী ক্রয় করে সরবরাহ করবেন;

২.৬. তত্ত্বাবধায়ক, রেলওয়ে জেনারেল হাসপাতাল কর্তৃক প্রতিমাসের ৭(সাত) তারিখের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর উক্ত হাসপাতালের সার্বিক সেবা মানোন্নয়ন সংক্রান্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন;

২.৭. হাসপাতালের সার্বিক উন্নয়ন কার্যক্রম গ্রহণের লক্ষ্যে যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে একটি খসড়া ডিপিপি উপস্থাপন করবেন;

২.৮. তত্ত্বাবধায়ক, রেলওয়ে জেনারেল হাসপাতাল দৃশ্যমান স্থানে হাসপাতালের সকল সেবা সংক্রান্ত তথ্যাদি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং

২.৯. তত্ত্বাবধায়ক, আন্তঃবিভাগ চালু না হওয়া পর্যন্ত অনতিবিলম্বে কর্মরত চিকিৎসকদের সকল কে আউটডোরে দায়িত্ব প্রদানের আদেশ জারী করবেন এবং এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখঃ১৭-১১-২০১৬ খ্রিঃ
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং- নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০১১.২০১৬-৩৫৭ তারিখঃ-৩০-১১-২০১৬ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), রেলপথ মন্ত্রণালয় ঢাকা।
০৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।
০৫। অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।
০৬। যুগ্মসচিব (হাসপাতাল/পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঢাকা।
০৭। যুগ্ম প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঢাকা।
০৮। উপসচিব (হাসপাতাল-০২/মেরামত), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঢাকা।
০৯। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক, রেলওয়ে জেনারেল হাসপাতাল, ঢাকা।
১২। ডিভিশনাল মেডিকেল অফিসার, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।

অনুলিপি সদয় অবগতিঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় ঢাকা।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৭। যুগ্মসচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(এস. এম. জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৯১৯২
E-mail: sashosp3
@mohfw.gov.bd